# মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৭৪৪

৪৯. রাসূলুল্লাহ (ﷺ)-এর হুলিয়া মুবারক (كتاب صفة النبى ﷺ)

পরিচ্ছেদঃ ১৩. জন্তুর গলার হার ও ঘন্টা খুলিয়া ফেলা

## مَا جَاءَ فِي نَزْعِ الْمَعَالِيقِ وَالْجَرَسِ مِنْ الْعَيْنِ

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِك عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَكْرٍ عَنْ عَبَّادِ بْنِ تَمِيمٍ أَنَّ أَبَا بَشِيرٍ الْأَنْصَارِيَّ أَخْبَرَهُ أَنَّهُ كَانَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي بَعْضِ أَسْفَارِهِ قَالَ فَأَرْسَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَسُولًا قَالَ عَبْدُ اللَّهِ بْنُ أَبِي بَكْرٍ حَسِبْتُ أَنَّهُ قَالَ وَالنَّاسُ فِي مَقِيلِهِمْ لَا تَبْقَيَنَّ فِي رَقَبَةِ بَعِيرٍ قِلَادَةٌ مِنْ وَتَرٍ أَوْ قِلَادَةٌ إِلَّا قُطِعَتْ قَالَ يَحْيَى سَمِعْت مَالِك يَقُولُ أَرَى ذَلِكَ مِنْ الْعَيْنِ

বাংলা

রেওয়ায়ত ৩৯. আবু বসীর আনসারী আব্বাদ ইবনে তমীমকে বলিয়াছেন, তিনি (আবু বসীর) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলায়হি ওয়া সাল্লামের সাথে কোনও একান্ত সফরে ছিলেন। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একজনকে কাজে পাঠাইলেন, আবদুল্লাহ ইবনে আবু বকর (রাঃ) বলেন, আমার বিশ্বাস যে, তখন সমস্ত লোক ঘুমাইয়াছিল। কাজটি ছিল কোন উটের গলায় কোন হার, তাবীয কিংবা ঘন্টা যেন না থাকে। থাকিলে কাটিয়া ফেলিতে বলেন।[1]

## English

Yahya related to me from Malik from Abdullah ibn Abi Bakr from Abbad ibn Tamim that Abu Bashir al-Ansari told him that he was with the Messenger of Allah, may Allah bless him and grant him peace, on one of his journeys. He related, "The Messenger of Allah, may Allah bless him and grant him peace, sent a messenger." (Abdullah ibn Abi Bakr said, (I think that he said it was while the people were in their resting place.) He said, "Do not let a single-string necklace, or any necklace, remain unbroken on the neck of a camel."

Yahya said, "I heard Malik say, 'I think that was because of the evil eye.' "

## ফুটনোট

[1] ইমাম মালিক (রহঃ) বলেন, সেই তাবীয কিংবা হার ইত্যাদি যাহা বদ নজর হইতে রক্ষার জন্য ব্যবহার করা হইত। উহাতে ঘন্টা বাধিয়া দেওয়া হইত। ফলে উটের অসুবিধা হইত এবং ঘন্টার শব্দে শত্রুরাও সাবধান হইয়া যাইত।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74641

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন